

স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১২০.০২.০০৪.১৯-১৩২

তারিখঃ ২০/০৮/২০১৯


## বিজ্ঞপ্তি

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ তারিখের নং ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮.১০৪২ এর প্রেক্ষিতে জেলা প্রশাসন, নওগাঁ এর তত্ত্বাবধানে জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থী সমন্বয়ে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত যোগ্যতা/শর্তাবলী/তথ্যাবলী সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলী/তথ্যাবলী/যোগ্যতাঃ

- ১। শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা থাকতে হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণ ইচ্ছুক এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। She Power Project এর কোন প্রশিক্ষণার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ৫। আবেদনে (ক) নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) শিক্ষাগত যোগ্যতা(চ) অভিজ্ঞতা (যদি থাকে) (ছ) জন্ম তারিখ (জ) বয়স (ঝ) লিঙ্গ (ঞ) জাতীয়তা (ট) মোবাইল নম্বর উল্লেখসহ ২ কপি পাসপোর্ট সাইজ ও ০১ কপি স্ট্যাম্প সাইজের ছবি (ঠ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (ড) বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা সম্পন্ন সার্টিফিকেটের ছায়ালিপি (ঢ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদপত্র ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
- ৬। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৭। দরখাস্ত আগামী ০২-০৯-২০১৯ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় নওগাঁ -এ (আইসিটি শাখা, কক্ষ নং ১০৬) জমা দিতে হবে।
- ৮। প্রশিক্ষণার্থীকে ৩০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণের মেয়াদ ১৫ দিন।
- ৯। প্রশিক্ষণার্থী-কে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ১১। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ১২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ কামরুজ্জামান)

অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি)  
নওগাঁ

দূরালোপনীঃ 0741-81491

ই-মেইলঃ [adcictnaogaon@gmail.com](mailto:adcictnaogaon@gmail.com)

### অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....নওগাঁ। তাঁর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ (জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টাল ও অফিসিয়াল ফেসবুক পেজে আপলোডের অনুরোধসহ)।
- ৬। সভাপতি/সম্পাদক.....নওগাঁ (বর্ণিত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় বিনামূল্যে ছাপানো/প্রচার এবং
- ৩ (তিন)কপি এর কার্যালয় সহকারী প্রোগ্রামার এর নিকট প্রেরণের অনুরোধসহ।